

## আমের বিকৃতি রোগ/ Malformation of Mango

বিকৃতি রোগ আম গাছের এক জটিল বৈশিষ্ট্য যা পরিচর্যার অভাব, পুষ্টি বৈষম্য, ছত্রাক ও ভাইরাস জীবানু, মাকড়ের উপস্থিতি ও গাছে হরমোনের ভারসাম্যহীনতা ইত্যাদি যে কোন এক বা একাধিক কারণে ঘটে।

### ক্ষতির লক্ষণঃ

- আম গাছে দু ধরনের বিকৃতি (ডগা বা কাণ্ডের বিকৃতি ও পুষ্পমঞ্জরীর বিকৃতি) দেখা যায়।
- আক্রান্ত ডালের মাথায় অসংখ্য ছোট ছোট কুঁড়ি বের হয় যাতে অসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র পাতা থাকে।
- অস্বাভাবিকভাবে বেড়ে যাওয়া পাতাগুলি গুচ্ছাকারে থাকে এবং এসব ডাল আর বাড়তে পারে না।
- মুকুল আক্রান্ত হলে পুষ্পমঞ্জরীটি ফুল কপির মত দলা পাকিয়ে থাকে। এসব পুষ্পমঞ্জরীর কোন ফুল থেকে ফল হয় না। এরূপ বিকৃত পুষ্পমঞ্জরী অনেকদিন পর্যন্ত থাকে এবং শেষে শুকিয়ে যায়।



ডগা বা কাণ্ডের বিকৃতি

পুষ্পমঞ্জরীর বিকৃতি

### দমন ব্যবস্থাপনাঃ

- সুনির্দিষ্ট কারণ না থাকায় সারা বছর আম গাছের পরিচর্যা করতে হবে।
- আম গাছের পুষ্টি বা সার ব্যবস্থাপনা/সুষম মাত্রায় সার প্রয়োগ।
- বিকৃত অঙ্গ ছাঁটাই করা ও বালাইনাশক সঠিক মাত্রায় সঠিক নিয়মে স্প্রে করতে হবে।
- মুকুল বের হওয়ার ৩ মাস আগে ০.০২% আলফা-ন্যাফথালিন এসেটিক এসিড (এনএএ) হরমোন বা ১-২% ইউরিয়া দ্রবণ স্প্রে করে বিকৃতি কমানো যায়। [তথ্যসূত্রঃ সমন্বিত বালাই ব্যবস্থাপনার আলোকে ফলের পোকামাকড় ও রোগ ব্যবস্থাপনা প্রকাশনাঃ অক্টোবর/২০১৬]

### আরও তথ্যের জন্যঃ

পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।